# ৫ আগস্টের পর জানে আলম অপুর সঙ্গে কোনো যোগাযোগ নেই: উপদেষ্টা আসিফ মাহমুদ



সংগৃহীত ছবি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া জানিয়েছেন, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের (বাগছাস) বহিষ্কৃত যুগ্ম আহ্বায়ক জানে আলম অপুর সঙ্গে তার কোনো যোগাযোগ নেই।

বৃহস্পতিবার (১৪ আগস্ট) রাজধানীর সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এর আগে, গুলশানে সাবেক এক সংসদ সদস্যের বাসা থেকে চাঁদা আদায়ের ঘটনায় জানে আলম অপুর গ্রেপ্তারের খবর প্রকাশ পায়।

আসিফ মাহমুদ বলেন, “বিষয়টি যেহেতু এখনো তদন্তাধীন, তাই মন্তব্য করা ঠিক হবে না। তবে আমার নাম সেখানে আসায় আমি বিস্মিত হয়েছি। অপুকে আমি চিনতাম ২০২২ সালে, যখন আমি ছাত্র অধিকার পরিষদে সক্রিয় ছিলাম। তখন সেও সম্মিলিত বেসরকারি বিশ্ববিদ্যালয় কমিটির হয়ে ছাত্র অধিকার পরিষদ করত। কিন্তু ২০২৪ সালের ৫ আগস্টের পর তার সঙ্গে আর কোনো কথা বা দেখা হয়নি।”

তিনি আরও বলেন, “অভিযোগের বিষয়টি জানার পর আরেক জায়গা থেকে শুনলাম, অপুর স্ত্রী পরিচয়ে একজন সংবাদ সম্মেলন করেছেন। তিনি দাবি করেছেন, অপুকে গুম করে জোরপূর্বক স্টেটমেন্ট আদায় করা হয়েছে। যদি সত্যিই এমন কিছু ঘটে থাকে, তা অত্যন্ত উদ্বেগজনক।”